



**কর্মসংস্থান ব্যাংক**  
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)  
কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ।

সূত্র নং-কেবি/প্রকা/কেহি-১৫০(অভিনন্দনপত্র)/২০১৮-২০১৯/ ২০০৫


তারিখ: ১৫.০৪.২০১৯

**অভিনন্দনপত্র।**

জনাব তামান্না আমিন (সাভত সূচক নং ০২১২) সিনিয়র প্রিন্সিপাল অফিসার, সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ, কর্মসংস্থান ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যক্তিগত প্রচেষ্টায় “জাপানি প্রতিকল্প তহবিল” শিরোনামে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে গত ০৮.০৪.২০১৯ তারিখে শতকরা বার্ষিক ৬.০০% সুদ হারে ১২ মাস মেয়াদে সর্বমোট ২০.০০ (বিশ) কোটি টাকা মেয়াদী আমানত সংগ্রহ করে কর্মসংস্থান ব্যাংক প্রধান শাখা, ঢাকায় ৫.০০ কোটি টাকা করে দুইটি, মোহাম্মদপুর শাখা, ঢাকায় ৫.০০ কোটি টাকার একটি এবং লালবাগ শাখা, ঢাকায় ৫.০০ কোটি টাকার একটি কেবিটিডিএস হিসাব খোলা হয়েছে।

ব্যাংকের তহবিল ব্যবস্থাপনায় আপনার এ বিশেষ অবদানের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ হতে আপনাকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আপনার এ অর্জন ব্যাংকের অন্যান্য কর্মকর্তা/কর্মচারীর জন্য অনুকরণীয় হবে বলে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মনে করে।

ব্যাংকের সার্বিক উন্নয়ন ও সুনাম বৃদ্ধিতে আপনার এ ধরনের প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে আমরা আশা করি।

  
(মোঃ আবুল হোসেন)  
ব্যবস্থাপনা পরিচালক

জনাব তামান্না আমিন  
(সাভত সূচক নং-০২১২)  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার  
সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ  
কর্মসংস্থান ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

**অনুলিপি প্রেরণ করা হলো :**

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের পরামর্শ দেয়া হলো);
৪. অফিস নথি/ব্যক্তিগত নথি/এমআইএস